



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মোংলা কাস্টম হাউস, মোংলা।  
ফ্যাক্স-০৪১-৭৬২৫৭১, ৭৬২৫৭৯

জরুরী  
ই-মেইল/জিইপি

ই-মেইল-khulnacustoms@yahoo.com

নথি নং-এস/২৫/লাইঃ/বিবিধ/মোংলা/২০১৮/

তারিখঃ

বিষয়ঃ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (EGM) দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ (১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/১৯৫, তারিখঃ ০৩.১০.২০২১ খ্রিঃ।

(২) এ দপ্তরের পত্র নং-এস/০৯/ASYCYDA/প্রতিবেদন/মোংলা/২০-২১/৮৭৯, তারিখঃ ৩১.০১.২০২২ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। রপ্তানিকৃত পণ্যের বিষয়ে নিশ্চিত হওয়া, মানি লভারিং প্রতিহত করা এবং নির্ভরযোগ্য রপ্তানি পরিসংখ্যান পাওয়ার জন্য সকল বিল অব এক্সপোর্ট এর ক্ষেত্রে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (EGM) দাখিল করার জন্য সূত্রোক্ত (১) নং পত্রের মাধ্যমে বাধ্যবাধকতা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে সূত্রোক্ত ২ নং পত্রের মাধ্যমে দ্রুততম সময়ে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (EGM) দাখিলের জন্য নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু, সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, এ দপ্তরের অধিকাংশ নিবন্ধিত শিপিং এজেন্টগণ পণ্যচালান রপ্তানী বা পুনঃরপ্তানীর পর যথাসময়ে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (EGM) দাখিল করছেন না। এজেন্টের এহেন কার্যক্রম The Customs Act, 1969 এর ধারা ১৩১ এর লংঘন এবং কাস্টমস এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২০ এর বিধি ২০ মোতাবেক এজেন্টের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্যে অবহেলা প্রদর্শনের শামিল।

০৩। এমতাবস্থায়, মোংলা কাস্টম হাউসের নিবন্ধিত সকল শিপিং এজেন্টগণকে পণ্যচালান রপ্তানী বা পুনঃরপ্তানীর পর যথাসময়ে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে এক্সপোর্ট জেনারেল মেনিফেস্ট (EGM) দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

স্বাঃ

(মুহাম্মদ মাহফুজ আহমদ)

যুগ্ম-কমিশনার

ও

সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ।

প্রাপকঃ

সভাপতি/সাধারণ সম্পাদক,  
বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন,  
আনসারী ক্যাম্প, ৩য় তলা,  
১৬০ শের এ বাংলা রোড, খুলনা।

নথি নং-এস/২৫/লাইঃ/বিবিধ/মোংলা/২০১৮/ ০৬০২ (৬)

তারিখঃ

03 AUG 2022

অনুলিপি অবগতির জন্য :

- ১। পরিচালক (ট্রাফিক), মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
- ২। সভাপতি/সাধারণ সম্পাদক মোংলা কাস্টমস ক্রিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, ১৯৮, এম. এ. বারি রোড, সোনাডাঙ্গা, খুলনা।
- ৩। সহকারী প্রোগ্রামার, মোংলা কাস্টম হাউস, মোংলা (পত্রটি এ দপ্তরের ওয়েবসাইটে পোস্ট করার অনুরোধসহ)।
- ৪। পি এ টু কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। নোটিশ বোর্ড/অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)

ডেপুটি কমিশনার

সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ।